কাম ফর হিউম্যানিটি’র গাংনী উপজেলা কমিটি গঠন

মেহেরপুরে গাংনী উপজেলা শাখার অরাজনৈতিক ও মানব কল্যাণধর্মী স্বেচ্ছাসেবী সংগঠন কাম ফর হিউম্যানিটি-সিএফএইচ এর কমিটি গঠন। আজ বৃহষ্পতিবার চিৎলা ফার্মে আম্রকাননে এর কেন্দ্রীয় কমিটির নির্দেশনা অনুযায়ী আগামী ১ বছরের জন্য ৩১ সদস্য বিশিষ্ট কাম ফর হিউম্যানিটি গাংনী উপজেলা শাখার কমিটি গঠন করা হয়েছে।

সবুজ আহমেদ খানকে সভাপতি ও বিপুল হাসানকে সাধারণ সম্পাদক মনোনীত করে ৩১ সদস্য বিশিষ্ট কমিটি অনুমোদন দেয় কাম ফর হিউম্যানিটির সভাপতি মামুন অর রশিদ বিজন ও সাধারণ সম্পাদক তানভীর আহমেদ সাজু।

নবনির্বাচিত কমিটির সভাপতি সবুজ আহম্মেদ খান, সহ-সভাপতি শাকিল পারভেজ, শাহরিয়ার আহম্মেদ রিক্ত, চপল আহম্মেদ, মোঃ রকিবুল ইসলাম, সাধারণ সম্পাদক মোঃ বিপুল হোসেন, যুগ্ম সাধারণ সম্পাদক সোহরাব হোসেন (চিৎলা), আবু সাঈদ, খাইরুজ্জামান রবিন, সাংগঠনিক সম্পাদক মোঃ শিহাবুর রহমান, সোহরাব হোসেন (শানঘাট), মুজাহিদ খান জাহিদ, দপ্তর সম্পাদক মোঃ উমায়ের (অর্ক), উপ-দপ্তর সম্পাদক মোঃ নাসিম, প্রচার সম্পাদক মোঃ সামি উল ইসলাম, উপ-প্রচার সম্পাদক শাহরিয়ার, সাংস্কৃতিক সম্পাদক শশী মণি,

উপ সাংস্কৃতিক সম্পাদক মোঃ নাহিদ হোসেন, পরিবেশ বিষয়ক সম্পাদক মোঃ মিঠুন হাসান, সহ-পরিবেশ বিষয়ক সম্পাদক আমির হামজা, অর্থ বিষয়ক সম্পাদক আশিকুজ্জামান, সহ-অর্থ বিষয়ক সম্পাদক তপু রায়হান, মহিলা বিষয়ক সম্পাদক শিলা ঊষা, সহ-মহিলা বিষয়ক সম্পাদক সুরভী খাতুন, সমাজসেবা বিষয়ক সম্পাদক শাহিন রেজা (দেবীপুর) সহ-সমাজসেবা বিষয়ক সম্পাদক শেহজাদ নূরানী শাওন।

এসময় সংগঠনের সভাপতি মামুন অর রশিদ বিজন নবনির্বাচিত কমিটিকে শক্তিশালী ভাবে গাংনী উপজেলা তথা মেহেরপুর জেলার উন্নয়নে ও তরুণ সমাজকে একত্রিত করে বৃহৎ সামাজিক নেটওয়ার্ক তৈরির আহবান জানান। সেই সাথে আগামী ১ মাসের মধ্যে গাংনী উপজেলার সকল ইউনিটে কমিটি গঠনের নির্দেশনা দেয়।

তিনি আরও বলেন, কাম ফর হিউম্যানিটি বিগত ২০১৭ সাল থেকে মেহেরপুর জেলার তরুণ ও শিক্ষার্থীদের নিয়ে পরিচালিত হচ্ছে মেহেরপুর জেলা

তথা সমগ্র বাংলাদেশের কল্যাণমূলক কাজের মধ্য দিয়ে। নবনির্বাচিত কমিটির জন্য শুভেচ্ছা ও অভিনন্দন জানান কেন্দ্রীয় কমিটি।

গাংনী চিৎলা পাটবীজ খামারে কৃষি বিশ^বিদ্যাল স্থাপনের দাবীতে মানববন্ধন

মেহেরপুরের গাংনী উপজেলার চিৎলা ফার্মে কৃষি বিশ্ববিদ্যালয় স্থাপনের দাবিতে মানববন্ধন করেছে গাংনীর সর্বসাধারণ। আজ বৃহস্পতিবার বেলা ১১ টার দিকে চিৎলা পাট বীজ ভিত্তি খামার চত্বরে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়। গাংনীবাসির গণদাবী হিসেবে সর্বসাধারণ এ মানববন্ধনের আয়োজন করেন।

মানববন্ধনে নেতৃত্ব দেন জেলা কৃষকলীগের সাধারণ সম্পাদক ওয়াসিম সাজ্জাদ লিখন। এ সময় জেলা কৃষকলীগের যুগ্ম সাধারণ সম্পাদক মশিউর রহমান পলাশ, উপজেলা স্বেচ্ছাসেবক লীগের আহবায়ক আবুল বাশার, ধানখোলা ইউনিয়ন আওয়ামীলীগের সাবেক সাধারন সম্পাদক আব্দুল মান্নান মাস্টার, গাংনী পৌর কাউন্সিলর নবীর উদ্দিন, পৌর কৃষক লীগের সভাপতি বদরুল আলম বুদু, পৌর কাউন্সিলর মিজানুর রহমান, ধানখোলা ইউপি সদস্য কামরুল ইসলাম, উপজেলা ছাত্রলীগের সাবেক সাধারন সম্পাদক বিপ্লব হোসেন, গাংনী ডিগ্রী কলেজ ছাত্রলীগের সভাপতি হাসিব মাহমুদ, সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম সেন্টু, নব নির্বাচিত শ্রমিক ইউনিয়নের গাংনী শাখার সাধারণ সম্পাদক রাশিদুল ইসলাম রাশেদ, উপজেলা মুক্তিযোদ্ধা প্রজন্ম লীগের আহবায়ক নুরুল ইসলাম, সি এফ এইচ পরিচালক মামুনুর রশিদ মিলন উপস্থিত ছিলেন। বক্তারা গাংনী উপজেলার চিৎলা ফার্মে কৃষি বিদ্যালয় স্থাপনের যৌক্তিক দাবি তুলে ধরে বলেন, ১৯৯০ সাল থেকে গাংনীর অবহেলিত ও শিক্ষা সুযোগ বঞ্চিত মানুষের দাবী চিৎলা পাটবীজ খামারে বিশ^ বিদ্যালয় স্থাপিত হোক। এদাবী নতুন নয়, এলাকাবাসীর দির্ঘদিনের দাবী আজ গণদাবীতে পরিনত হয়েছে।

বক্তারা আরো বলেন,চিৎলা পাটবীজ খামারটি প্রতিবছর লোকসান গুনতে

হয় সরকারকে। একারনে খামারটি ধীরে ধীরে মুখ থুবড়ে পতিত জমিতে পরিনত হয়েছে। এছাড়া প্রায় ৪/৫শ’ একর জমি রয়েছে, যা একটি বিশ^বিদ্যালয় স্থাপনের উপযোগী হতে পারে।

এছাড়াও গাংনী উপজেলা শহর থেকে ২ কিঃমিঃ দক্ষিণ-পশ্চিমে মনোরম পরিবেশ শিক্ষা উপযোগী স্থান হিসেবে বিবেচিত বলে দাবী স্থানীয়দের। ১৯৯০ সাল থেকে ওয়াসিম সাজ্জাদ লিখন বিশ^বিদ্যালয় স্থপনের দাবীতে বিভিন্ন মহলে দাবী করেন। মানববন্ধন শেষে একটি আহবায়ক কমিটি গঠর করা হয়। এ আহবায়ক কমিটিতে কৃষকলীগ নেতা ওয়াসিম সাজ্জাদ লিখনকে আহবায়ক ও উপজেলা স্বেচ্ছাসেবক লীগের আহবায়ক আবুল বাশারকে যুগ্ম আহবায়ক করা হয়।

সাবেক এমপি মকবুল হোসেন ও সাবেক এমপি আমজাদ হোসেন জাতীয় সংসদে বার বার চিৎলা পাটবীজ খামারে কৃষি বিশ^বদ্যালয় স্থাপনের দাবী উত্থাপন করেন। মেহেরপুর-২ (গাংনী) আসনের বর্তমান সংসদ মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন জাতীয় সংসদে এদাবী পরুনের প্রস্তাব তোলেন। বিষয়টি বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ◌্গাংনীর মানুষের দাবীর প্রেক্ষীতে শিক্ষা বিভাগকে প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহনের নির্দেশ দেন। এমতাবস্থায় কৃষি বিশ^বিদ্যালয়টি চিৎলা পাটবীজ খামারে স্থাপনের দাবীতে আশায় বুক বেধেছেন গাংনীবাসি।

মেহেরপুরে নতুন দুই ইউনিয়ন শ্যামপুর ও বারাদি

দির্ঘদিনের দাবির পেক্ষিতে অবশেষে মেহেরপুর সদর উপজেলায় শ্যামপুর ও বারাদিকে নতুন ইউনিয়ন গঠন করা হয়েছে। মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়নকে ভেঙে আমঝুপি ও শ্যামপুর এবং পিরোজপুর ইউনিয়নকে ভেঙে পিরোজপুর ও বারাদি করা হয়।

গত ২৪ জুন দুটি পৃথক গণবিজ্ঞপ্তির মাধ্যমে এ ইউনিয়ন দুটি ঘোষনা করে মেহেরপুর সদর উপজেলা ভূমি অফিস। নতুন ইউনিয়নের মধ্যে ১২টি গ্রাম নিয়ে শ্যামপুর ইউনিয়ন গঠন করা হয়েছে। গ্রামগুলো হলো-

ঝাউবাড়িয়া, দিঘিরপাড়া, রামনগর, কাজীপুরপাড়া, গোপালপুর, বসন্তপুর, পুরাতন মদনাডাঙ্গা, নতুন মদনাডাঙ্গা, আলমপুর, ধুশারপাড়া, শ্যামপুর, বেলতলাপাড়া।

এছাড়া ১৫টি গ্রাম নিয়ে বারাদি ইউনিয়ন গঠন করা হয়েছে। সেগুলো হলো- রাজনগর, জুগিন্দা, কলাইডাঙ্গা, বারাদি, মোমিনপুর, বর্শিবাড়িয়া, হাসনাবাদ, পাটাপোকা, পাটকেলপোতা, চাঁদপুর, নতুন দরবেশপুর, পুরাতন দরবেশপুর, সিংহাটি, পূর্বপাড়া, শিমুলতলা।

সহকারী কমিশনার (ভূমি) মাইনউদ্দিন সাক্ষরিত গন বিজ্ঞপ্তিতে বলা হয়, জন সংখ্যা বৃদ্ধিজনিত কারনে এবং প্রশাসনিক সুবিধার্থে বড় দুটি ইউনিয়নকে ভেঙে চারটি করার সিদ্ধান্ত নেওয়া হয়। এর মধ্যে মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়নকে ভেঙে আমঝুপি ও শ্যামপুর এবং পিরোজপুর ইউনিয়নকে ভেঙে পিরোজপুর ও বারাদি ইউনিয়ন গঠন করা হয়েছে।

স্থানীয় সরকার আইন, ২০০৯ এর ১২ ধারার ক্ষমতাবলে সীমানা নির্ধারণকারী কর্মকর্তা হিসেবে সদর উপজেলা ভুমি কর্মকতা (সহকারি কমিশনার ভুমি) ওই আইনের ১৩ ধারার বিধান অনুযায়ী নবগঠিত শ্যামপুর ও বারাদি ইউনিয়নের প্রস্তাবিত ওয়ার্ড সমূহের সীমানা নির্ধারণ পূর্বক একটি গন বিজ্ঞপ্তি জারি করেন।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, ওয়ার্ডের তালিকাতে কারও আপত্তি থাকলে ১০ কার্য দিবসের মধ্যে জেলা প্রশাসকের কাছে লিখিতভাবে আপিল করতে পারবে।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে পুরাতন নাসির বিড়ি জব্দ

মেহেরপুরে নাসির টোব্যাকো কোম্পানির পুরাতন স্বাস্থ্য সতর্কতা সম্বলিত ৮৫০০ শলাকা নাসির বিড়ি জব্দ করা হয়েছে।

বৃহস্পতিবার দুপুরে মেহেরপুর সদর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগের উদ্যোগে সদর উপজেলার মদনাডাঙ্গা বাজারে অভিযান চালিয়ে এগুলো জব্দ করা হয়।

সদর উপজেলা স্যানিটারী ইন্সপেক্টর মো তারিকুল ইসলামের নেতৃত্বে অভিযান চালিয়ে কোম্পানির বিক্রয় প্রতিনিধি বিপ্লব হোসেনের নিকট থেকে পুরাতন বিড়ি জব্দ করা হয়।

উপজেলা স্যানিটারী ইন্সপেক্টর মো তারিকুল ইসলাম জানান, ধুমপানও তামাকজাত দ্রব্য ব্যবহার ও নিয়ন্ত্রণ আইন অনুযায়ী এই সব পুরাতন বিড়ি জব্দ করা হয়েছে।আগামীতে এধরনের কাজ আর হবেনা মর্মে পরিবেশক মিঃ বিষুবাবু প্রতিজ্ঞা করেছেন।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে নিম্নআয়ের পরিবারের মাঝে খাদ্য বিতরণ

মেহেরপুরে জনপ্রশাসন প্রতিমন্ত্রীর নিদর্শনায় স্যোসাল এইড এর সহযোগিতায় দুস্থের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ হয়েছে।

বৃহস্পতিবার সকালে মেহেরপুর সরকারি বালিকা বিদ্যালয়ে ২শ পরিবারের মাঝে এই খাদ্য সামগ্রী বিতরণ করা হয়। জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এর পক্ষে সাবেক ছাত্রনেতা বর্তমান মেহেরপুর বড় বাজার ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম খোকন দুস্থদের হাতে খাদ্য সামগ্রী তুলে দেন।

খাদ্য তালিকায় ১০ কেজি চাউল, ১ কেজি ডাউল,২ কেজি আলু,১ কেজি পিয়াজ,১ লিটার তৈল ও ১ কেজি লবন ছিল।

খাদ্য বিতরণকালে আমিনুল ইসলাম খোকন বলেন, কোভিড ১৯ করোনা ভাইরাসের কারণে সারা বিশ্বের নেয় মেহেরপুর শহরেও কিন্তু করোনা ভাইরাসের সংক্রমণ বেড়ে চলেছে তারই পরিপেক্ষিতে কর্মহীন হয়ে পড়েছে অনেক পরিবার। তাই তাদের মাঝে কিছু উপহার সামগ্রী বিতরণ

করেছি।

এ সময় উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা যুবলীগের সাবেক সাংগঠনিক সম্পাদক মিজানুর রহমান হিরন, সরকারি কলেজ ছাত্রলীগের সভাপতি আদিব হাসান আসিফ, সাবেক মুক্তি যোদ্ধা বিষয়ক সম্পাদক ফয়সাল হাসান রকি, সেচ্চসেবক রবিন, শাওন প্রমুখ।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে এমডিএন ফুড এর যাত্রা শুরু

মেহেরপুর সদর উপজেলার কামদেবপুর গ্রামে অনলাইন অর্ডার এমডিএফ ফুড এর শুভ উদ্বোধন করা হয়।

গতকার বুধবার সন্ধ্যায় মেহেরপুর সদর উপজেলা কামদেবপুর হাইস্কুল প্রাঙ্গণে এই অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

এসময় উপস্থিত ছিলেন সিইও মোহিত হাসান বলেন, সম্প্রতি সময়ের জনপ্রিয় একটি পরিষেবা হলো অনলাইন অর্ডারিং। বিভিন্ন পণ্য দেশ বিদেশ থেকে অর্ডার করে নিয়ে আসা গেলেও খাবার পণ্য নিয়ে আসাটা কঠিন বা দুষ্কর। আর এই কথা চিন্তা করেই এমডিএন ফুড এ সমাধানের চেষ্টা করে আসছে সেই ২০১৮ সাল থেকে। আজ (বুধবার) এমডিএন ফুড মোবাইল সফটওয়্যার সফলভাবে উদ্বোধন করা হয়েছে।

তাদের পরিষেবা গুলো হচ্ছে- অনলাইন ভিত্তিক ফুড ডেলিভারি করা, যে কোনো দোকানদার তাদের এপে ফুড বা গ্রোসারি পণ্য সেল করতে পারবে, সেলার নিজেও ডেলিভারি করতে পারে কিংবা এমডিএন এক্সপ্রেস দ্বারাও ডেলিভারি করাতে পারে ।

এ সময় আরো উপস্থিত ছিলেন মো:আসিফ খান, সেলিম, সাইফুল, ডালিম সহ অন্যরা উপস্থিত ছিলেন।

গাংনীতে করোনা প্রতিরোধে উপজেলা প্রশাসনের অভিযান-এক ব্যাক্তির জরিমানা

মেহেরপুরের গাংনীতে উপজেলা প্রশাসনের উদ্যোগে অভিযান পরিচালিত হয়েছে। বুধবার বিকেলে করোনা প্রতিরোধে মানুষের মাস্ক ব্যবহার নিশ্চিত করণের লক্ষ্যে এ অভিযান পরিচালিত হয়। সরকারি নির্দেশনা উপেক্ষা করে মাস্ক ব্যবহার না করায় গাংনীর জালাল উদ্দিনের ছেলে নয়নকে ২’শ টাকা জরিমানা করা হয়েছে।

উপজেলা নির্বাহী কর্মকর্তা ও নির্বাহী ম্যাজিস্ট্রেট আর এম সেলিম শাহনেওয়াজ ভ্রাম্যমান আদালতের মাধ্যমে এ জরিমানা আদায় করেন। পরে তিনি অর্ধশতাধিক ব্যক্তির মাঝে বিনামূল্যে মাস্ক বিতরণ করেন এবং মানুষকে সচেতন করেন। এ সময় গাংনী থানা পুলিশের এস আই মাহাতাব ও সঙ্গীয় ফোর্স ভ্রাম্যমাণ আদালত পরিচালনায় দায়িত্ব পালন করেন।

গাংনীর ধানখোলা মাধ্যমিক বিদ্যালয়ে ১০ লাখ টাকা কাজের উদ্বোধন

মেহেরপুরের গাংনী ধানখোলা মাধ্যমিক বিদ্যালয়ে দশ লাখ টাকা তিন কক্ষ বিশিষ্ট ঘরের ভিত্তি প্রস্তর স্থাপন করা হয়েছে। বুধবার দুপুরে ধানখোলা মাধ্যমিক বিদ্যালয় চত্বরে এ ভিত্তি প্রস্তর স্থাপন করা হয়।

প্রতিষ্ঠানটির ম্যানেজিং কমিটির সভাপতি ও সাবেক ধানখোলা ইউনিয়ন

পরিষদ চেয়ারম্যান আব্দুর রাজ্জাক এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ভিত্তি প্রস্তর স্থাপন করেন মেহেরপুর – ২ (গাংনী) আসনের সংসদ সদস্য সাহিদুজ্জামান খোকন। শিক্ষা প্রকৌশল অধিদপ্তর থেকে প্রাপ্ত ১০ লক্ষ টাকা ব্যয়ে দুটি শ্রেনী কক্ষ ও একটি কমন রুম হিসেবে ব্যবহারের জন্য তিন কক্ষ বিশিষ্ট টিনশেডের ঘর তৈরীর উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

প্রতিষ্ঠানটির প্রধান শিক্ষক রোকনুজ্জামানের সভাপতিত্বে উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক গোলাম মোস্তফা, সাংগঠনিক সম্পাদক মনিরুজ্জামান মাস্টার, রায়পুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মিজানুর রহমান, বিডি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক এখলাসুর রহমান বাবু, ইউপি সদস্য বশির আহমেদ এসময় উপস্থিত ছিলেন।

গাংনী বাসির চিকিৎসা সেবাই নিয়োজিত হোক ডক্টরস পয়েন্টের পথ চলা-এমপি সাহিদুজ্জামান খোকন

বানিজ্য নয় গাংনী বাসির সেবাই নিয়োজিত হোক ডক্টরস পয়েন্টের পথ চলা। রোগীদের বাড়ি থেকে বের হওয়া থেকে শুরু করে চিকিৎসক পর্যন্ত পৌছাতে পদে পদে হতে হয় হয়রানী।প্রতিনিয়ত যে সব প্রতিষ্ঠান গড়ে ওঠেছে সেগুলো সেবার পরিবর্তে বানিজ্যিক হয়ে গড়ে ওঠেছে । আমি আশা করছি ডাঃ স্বাধীন যে ডক্টরস পয়েন্ট তৈরী করছেন তা যেন সেবার মানসিকতায় গড়ে ওঠে ।

গাংনীর মানুষ অতিসহজ সরল । আর এই সরলতার সুযোগ কাজে লগিয়ে চিকিৎসার নামে যেন কারো সাথে প্রতারনা না করা হয় এমন দিক বিবেচনা করবে ডক্টরস পয়েন্টের কর্তৃপক্ষ। এসব দিক বিবেচনা করে এবং সঠিক রোগ নির্নয়ের মাধমে ডক্টরস পয়েন্ট অভিজ্ঞ চিকিৎসক ও দক্ষ টেকনোলজিস্ট দ্বারা মানুষকে সেবা প্রদান করবে এমন প্রত্যাশা করেন সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

গাংনীর কাথুলী মোড়ের রেহেনা টাওয়ারে ডক্টরস পয়েন্টের উদ্বোধন কালে প্রধান অতিথি হিসেবে বক্তব্যে এমন প্রত্যাশা ব্যাক্ত করেন এমপি সাহিদুজ্জামান খোকন। বর্তমানে চিকিৎসা সেবার অপ্রতুলতার ঘাটতি মেটাতে মেহেরপুরের গাংনীতে বুধবার সকালে উদ্বোধন করা হয় ডক্টরস পয়েন্ট কনসাল্টেশন সেন্টার ।

সীনিত পরিসরে প্রতিষ্ঠানটির অনুষ্ঠানিক উদ্বোধন করেন মেহেরপুর - ২ আসনের জাতীয় সংসদ সদস্য সাহিদুজ্জামান খোকন। মেহেরপুর সরকারী কলেজের রাস্ট্রবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক, আব্দুল্লাহ আল আমিন ধুমকেতুর সঞ্চালনায় উদ্বোধনী বক্তব্য রাখেন ডক্টরস পয়েন্টের উদ্দোক্তা ডাঃ সজিবউদ্দীন স্বাধীন ।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেনম গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক এম এ খালেক। তিনি বলেন, গাংনী উপজেলায় একটি আধুনিক মান সম্মত ও ডিজিলাইজড চিকিৎসা কেন্দ্র চালু হতে যাচ্ছে এতে গাংনী ৪ থেকে ৫ লক্ষাধিক মানুষের চিকিৎসা নির্ভশীল প্রতিষ্ঠান হিসেবে সকলের মনের মনিকোঠায় স্থান করে নেবে এবিশ্বাস রেখে ডক্টরস পয়েন্টের শুভ কামনা করেন উপজেলা পরিষদ চেয়ারম্যান ও জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এমএ খালেক।

গাংনী পৌরসভার মেয়র মোঃ আশরাফুল ইসলাম, গাংনী উপজেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক গোলাম মোস্তয়া কথা সাহিত্যিক রফিকুর রশীদ রিজভী, গাংনী ডিগ্রি কলেজের সাবেক অধ্যাপক আব্দুর রশীদ, সাংগঠনিক সম্পাদক মনিরুজ্জামান মাস্টার, স্বেচ্ছাসেবকলীগর আহবায়ক আবুল বাসার, স্বাস্থ্যসেবার সাথে সম্পর্কিত বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠানের প্রতিনিধি, বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় কর্মরত সাংবাদিকবৃন্দরা এসময় উপস্থিত ছিলেন । বুধবার সারাদিন ব্যাপী চলে উদ্বোধনী অনুষ্ঠানের বিভিন্ন কার্যক্রম।

মেহেরপুর উপজেলা পরিষদের ক্রিকেট সেট বিতরণ

মেহেরপুরে বিভিন্ন ক্লাব ও প্রতিষ্ঠানকে ক্রিকেট সামগ্রী বিতরণ করা হয়েছে। বুধবার সকালে মেহেরপুর সদর উপজেলার ২০১৯-২০২০ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি(এডিপি)-র আওতায় ২০ টি ক্লাব ও প্রতিষ্ঠানের মাঝে ক্রিকেট সেট বিতরণ করা হয়।

উপজেলার সম্মেলন কক্ষে আনুষ্ঠানিকভাবে ক্লাব প্রতিনিধিদের হাতে এইসব ক্রিকেট সামগ্রী তুলে দেওয়া হয়।

অনুষ্ঠানে মেহেরপুর সদর উপজেলার নির্বাহী অফিসার মাসুদুল আলম এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান ইয়ারুল ইসলাম।

তিনি বলেন কিছু দিন আগেও কিন্তু যারা চলতে পারে না তাদের মাঝে হুইল চেয়ার, সেলাই মেশিন বিতরণ করেছি। তারই উপেক্ষাকে কেন্দ্র করে আমরা আজ বিভিন্ন প্রতিষ্ঠান ও ক্লাবের মাঝে এই ক্রিকেট সেট বিতরণ করছি।

তিনি আরও বলেন মাদকমুক্ত সমাজ গড়তে হলে আমাদের শিশু-কিশোরদের খেলার প্রতি উৎসাহপূর্ণ করতে হবে। দেখা যাচ্ছে বেশির ভাগ সময় কিশোররা এন্ড্রয়েড ফোনের দিকে আসক্ত হচ্ছে খেলার মাঠে বল আছে খেলোয়াড় নেই তাই আমরা প্রতিনিয়তই
সর্বোচ্চ চেষ্টা করে যাচ্ছি যুবসমাজ যেন ধ্বংসের মুখে না যায়।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান মোমিনুল ইসলাম ও লতিফুন নেছা লতা সহ উপজেলা পরিষদের সদস্যরা।

মেপ্র/এমএফআর